

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
উন্নয়ন-১ শাখা  
পরিবহন পুল ভবন  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
www.mowca.gov.bd



স্মারক নং- ৩২.০০.০০০০.০৫৬.০৬.০০৪.২০-০৩

তারিখঃ ০৪.০১.২০২১ খ্রিঃ

**বিষয়ঃ উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজ্যমাটি পরিদর্শন প্রতিবেদন।**

সূত্রঃ এ মন্ত্রণালয়ের পত্র নং- ৩২.০০.০০০০.০৩০.২৫.০১২.১৯-১৫৩, তারিখঃ ০৮.১২.২০২০ খ্রিঃ।

কর্মকর্তার নাম : মোহাম্মাদ শহীদুল্লাহ  
কর্মকর্তার পদবী : সিনিয়র সহকারী সচিব (উঃ-১)  
স্থান : রাজ্যমাটি  
তারিখ : ২২.১২.২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-১) জনাব মোহাম্মাদ শহীদুল্লাহ কর্তৃক রাজ্যমাটি জেলাতে অবস্থিত উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজ্যমাটি পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন নিম্নরূপঃ

১.০ গত ২২.১২.২০২০ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় রাজ্যমাটিস্থ মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালকের কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন। উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের সাথে আলোচনাকালে দৈনিক হাজিরা, স্টক রেজিস্টার ও ক্যাশ রেজিস্টার তলব করা হয়। হালনাগাদ স্টক রেজিস্টার ও ক্যাশ রেজিস্টার সঠিকভাবে রক্ষণাবেক্ষণের পরামর্শ দেয়া হয়। নৈমিত্তিক ছুটির হিসাব হালনাগাদ লিপিবদ্ধ করার নির্দেশনা দেয়া হলো। অফিসের আসবাবপত্র সমূহ ও কক্ষ সমূহের বিন্যাসকরণ সন্তোষজনক।

২.০ পরিদর্শনকালে ৯টি উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (কাউখালী, বরকুল, কাপ্তাই, রাজশুলী, জুরাছড়ি, লংগদু, বাঘাইছড়ি, নানিয়ারচর এবং বিলাইছড়ি)। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তারা ভৌগলিক কারণে রাজ্যমাটির ভিজিডি উপকারভোগী এবং অন্যান্য উপকারভোগীদের সাথে সপ্তাহে ‘হাটবারের দিন’ মত বিনিময় করেন। মোবাইল নেটওয়ার্কের সমস্যার কারণে সময়মত তথ্য প্রদানে সমস্যা হয় বলে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান। এ ছাড়াও দুর্গম পাহাড়ী এলাকায় উপকারভোগীদের হাটাপথের দুরত্ব ও দুর্গমতা বিবেচনায় খাদ্যশস্য পরিবহন করা অত্যন্ত শ্রমসাধ্য বিধায় উপকারভোগীদের স্ব স্ব নামে ব্যাংক হিসাবের মাধ্যমে চাউলের পরিবর্তে নগদ টাকা প্রদানের জন্য কর্মকর্তাগণ প্রস্তাব করেন।

৩.০ উপপরিচালক জানান যে, তাঁর কার্যালয় থেকে এ মন্ত্রণালয় সম্পর্কিত বিভিন্ন দিবস (বঙ্গমাতা দিবস- ৮ আগস্ট, নারী দিবস- ৮ মার্চ, জাতির জনকের জন্ম দিবস- ১৭ মার্চ, জাতীয় শোক দিবস- ১৫ আগস্ট, বেগম রোকেয়া দিবস- ৯ ডিসেম্বর, অক্টোবর মাসের প্রথম সোমবার বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ, বাল্য বিবাহ নিরোধ সম্পর্কিত ক্যাম্পেইন) পালন করা হয়ে থাকে। উপপরিচালকের কার্যালয়ে লোকবলের অভাব বিশেষ করে হিসাব রক্ষণ কর্মকর্তা ও অফিস সহায়কের অভাব রয়েছে এবং একই সমস্যা উপজেলা


M

অফিসগুলোতে রয়েছে বলে জানান। মাতৃহকালিন ভাতা ও দারিদ্র মা'র জন্য ভাতা নিয়মিত পরিশোধ করা হচ্ছে।

৪.০ পরিদর্শনকালে সেলাই প্রশিক্ষণ, বিউটিফিকেশন কোর্স, পুতির কাজ প্রশিক্ষণ সরেজমিনে প্রত্যক্ষ করা হয়। প্রশিক্ষার্থীদের নিয়মিত প্রশিক্ষণ ক্লাসে অংশগ্রহণ করার পরামর্শ দেয়া হয়। প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান দিয়ে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার পরামর্শ দেয়া হয়।

### সুপারিশঃ

- ১) হাজিরা খাতায় নৈমিত্তিক ছুটির হিসাব সঠিকভাবে লিপিবদ্ধ করার পরামর্শ দেয়া হলো;
- ২) স্টক রেজিস্টার ও ক্যাশ রেজিস্টার নিয়মিত হালনাগাদ করার পরামর্শ দেয়া হলো;
- ৩) উপজেলা কার্যালয়সমূহ উপপরিচালকের কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করার সুপারিশ করা হলো।
- ৪। প্রশিক্ষণোত্তর প্রশিক্ষার্থীদের স্বাবলম্বী হওয়ার জন্য যথাযথ সহযোগিতা করার পরামর্শ দেয়া হলো।

  
মোহাম্মাদ শহীদুল্লাহ  
সিনিয়র সহকারী সচিব (উ:-১)  
ফোনঃ ৯৫৫৯৭৭৫

সচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

### অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী।
- ৭। সহকারী সচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।